

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
গবেষণা অনুবিভাগ
ঢাকা



নং-১৯.০০.০০০০.৮১০.৩১.০০১.১৯-১৩

১৩ ফেব্রুয়ারী ২০২২

প্রেরকঃ আবদুল লতিফ ফকির
সহকারী সচিব (গবেষণা)

প্রাপকঃ উপ-পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস)
১/৪৬, পুরাতন এলিফেন্ট রোড, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ ইনস্টিটিউট অফ ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস)-এর গবেষণা ফেলো জনাব সাজিদ করিম IHE Delft Institute for Water Education এর আমন্ত্রণে নেদারল্যান্ডে অনুষ্ঠিতব্য 'Young Water Diplomat Program' কর্মশালাতে যোগদানের জন্য সরকারী অনুমোদন প্রদান প্রসঙ্গে।

জনাব,

আদিষ্ট হয়ে বাংলাদেশ ইনস্টিটিউট অফ ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস)-এর গবেষণা ফেলো জনাব সাজিদ করিম IHE Delft Institute for Water Education, the Netherlands থেকে দুই ধাপে তথা ৯-১১ মার্চ ২০২২ এবং ১৩-১৬ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিতব্য 'Young Water Diplomat Program' কর্মশালাতে যোগদানের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপন করছি।

২. উল্লেখিত মঞ্জুরীর শর্তাবলীঃ

- ভ্রমণকালীন জনাব সাজিদ করিম, গবেষণা ফেলো সরকারি কাজে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য হবেন;
- আমন্ত্রণকারী কর্তৃপক্ষ বিমান ভাড়া ঢাকা-নেদারল্যান্ড-ঢাকা, কর্মশালাতে যোগদানকালীন থাকা-খাওয়া এবং স্থানীয় পরিবহন ব্যয় বহন করবেন;
- বিধি মোতাবেক প্রাপ্যতা সাপেক্ষে ট্রানজিট ভাতা, টার্মিনাল চার্জ ও অন্যান্য ভাতা বিআইআইএসএস-এর বাজেটের সংশ্লিষ্ট খাত হতে সংকুলান করা হবে;
- তিনি আগামী ৭ মার্চ ২০২২ বা তার নিকটবর্তী সময়ে নেদারল্যান্ডের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ১৩ মার্চ ২০২২ বা তার নিকটবর্তী সময়ে দেশে প্রত্যাবর্তন করবেন। পুনরায় দ্বিতীয় ধাপে ১১ জুন ২০২২ বা তার নিকটবর্তী সময়ে নেদারল্যান্ডের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ১৮ জুন ২০২২ বা তার নিকটবর্তী সময়ে দেশে প্রত্যাবর্তন করবেন;
- জরুরী অবস্থা ব্যতীত অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তিনি বিদেশে অবস্থান করবেন না।

৩. যথোপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরী আদেশ জারি করা হ'ল।

আবদুল লতিফ ফকির
সহকারী সচিব (গবেষণা)
ফোনঃ ২২২৩৩৮২৫০৪

e-mail: asresearch@mofa.gov.bd

অনুলিপি-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক (গবেষণা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪. সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. জেনারেল ম্যানেজার, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৭. জনাব সাজিদ করিম, গবেষণা ফেলো, বিআইআইএসএস, ঢাকা।
৮. অফিস কপি।

আবদুল লতিফ ফকির
সহকারী সচিব (গবেষণা)

